

উত্তরা ব্যাংক পিএলসি.

আঞ্চলিক কার্যালয়, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) নং ধারার বিধান মতে

১ম নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মোঃ সাইদুল শেখ, পিতাঃ মোঃ মুনছের শেখ, মাতাঃ মোসাঃ হেনোয়ারা বেগম, ঠিকানাঃ কালিকাপুর, ডাকঘরঃ হারোয়া-৬৪৩০, থানাঃ বড়াইগ্রাম, জেলাঃ নাটোর তার নিজ মালিকানাধীন “মেসার্স সাদিয়া মটরস” নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের নামে উত্তরা ব্যাংক পিএলসি., বনপাড়া শাখা, নাটোর হতে ক্যাশ ড্রেডিট (হাইপো) ঋণ গ্রহণ করেছিলেন, যা মেয়াদ উত্তীর্ণ হয়ে খেলাপী ঋণে পরিণত হয়। উক্ত ঋণের জামানত হিসাবে নিম্নে উল্লেখিত তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট, রেজিস্ট্রি বন্ধ রাখেন। বারবার তলব ও তাগাদা দেয়া সত্ত্বেও ঋণ গ্রহীতার নিকট হতে ব্যাংকের পাওনা টাকা আদায় করা সম্ভব হয়নি। বিগত ০৬/১১/২০২৩ ইং তারিখ পর্যন্ত সুদসহ ব্যাংকের সর্বমোট পাওনা ৮৫,৯৭,৩৫৬.৯৪ (পঁচাশি লক্ষ সাতানব্বই হাজার তিনশত ছাপান্ন টাকা চুরানব্বই পয়সা) মাত্র। ঋণ নেয়ার সময় ঋণ গ্রহীতা/বন্ধকদাতাগন বন্ধকীকৃত সম্পত্তি বিক্রী করার ক্ষমতা ব্যাংককে প্রদান করেন। তার/তাদের প্রদত্ত ক্ষমতা বলে এবং উল্লেখিত আইনের বিধান মতে নিম্ন তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রী করার জন্য সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী ক্রেতাগন কর্তৃক যেকোন একটি তফসিল অথবা সকল তফসিলে দরপত্রে অংশগ্রহণ করতে পারবে, যাহা আগামী ২৭/১২/২০২৩ ইং তারিখ বেলা ১.০০ (এক) ঘটিকার মধ্যে উত্তরা ব্যাংক পিএলসি. এর বনপাড়া শাখায় রক্ষিত বাস্তব দরপত্র জমা করতে অথবা খামের উপর “সম্পত্তি ক্রয় দরপত্র” লিখে সরাসরি/রেজিস্ট্রি ডাকযোগে উক্ত শাখায় প্রেরণ করতে হবে এবং ঐ দিন বেলা ৩.০০ (তিন) ঘটিকার সময় দরপত্রদাতা কিংবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হতে হবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংক পিএলসি. এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচী অনুযায়ী বাকী টাকা পরিশোধ করতে হবে :-

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	দরপত্রের বাকী টাকা পরিশোধের সময়সীমা
অনূর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন
টাকা ১০,০০,০০১/- হইতে অনূর্ধ্ব টাকা ৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিন
টাকা ৫০,০০,০০১/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিন

দরপত্র গৃহীত হওয়ার পর উপরোক্ত সময়ে মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লেখিত মূল্য অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা- সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবী থাকলে তাহা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাইবে না। এ ছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প ডিউটি ও অন্যান্য শুল্ক যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

তফসীল

ক) জেলাঃ নাটোর, থানা/উপজেলাঃ বড়াইগ্রাম, মৌজাঃ কালিকাপুর, জে.এল. নংঃ আর.এস-১৩, খতিয়ান নংঃ আর.এস-৭২, ৪৫১, প্রস্তাবিতঃ ৩৫৫০, ৩৫৫১, দাগ/প্লট নংঃ আর.এস.-২০৬০, ২০৭৪, ২০৭৫, জমির পরিমাণঃ ১৪.২৫ শতাংশ আবাসিক জমিসহ ১(এক) তলা ভবন।

খ) জেলাঃ নাটোর, থানা/উপজেলাঃ বড়াইগ্রাম, মৌজাঃ কালিকাপুর, জে.এল. নংঃ আর.এস-১৩, খতিয়ান নংঃ আর.এস-১২০, প্রস্তাবিতঃ ১৮৬৭, দাগ/প্লট নংঃ আর.এস.-৯১১, জমির পরিমাণঃ ১৬.৬৭ শতাংশ আবাসিক জমি।

গ) জেলাঃ নাটোর, থানা/উপজেলাঃ বড়াইগ্রাম, মৌজাঃ কালিকাপুর, জে.এল. নংঃ আর.এস-১৩, খতিয়ান নংঃ আর.এস-৫৮১, প্রস্তাবিতঃ ৩৫৫০, দাগ/প্লট নংঃ আর.এস.-৭২৮, জমির পরিমাণঃ ৩৬.০০ শতাংশ কৃষি জমি।

ঘ) জেলাঃ নাটোর, থানা/উপজেলাঃ বড়াইগ্রাম, মৌজাঃ কালিকাপুর, জে.এল. নংঃ আর.এস-১৩, খতিয়ান নংঃ আর.এস-৭২, প্রস্তাবিতঃ ৩৫১৫, দাগ/প্লট নংঃ আর.এস.- ২০৭৪, ২০৬০, জমির পরিমাণঃ ১৭.৫০ শতাংশ আবাসিক জমি।

উপ-মহাব্যবস্থাপক

চেয়ারম্যান, টেন্ডার কমিটি।